

কলাস্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

তৃতীয় বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার

বাংলা বিভাগ

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি. ৬.৩১

বিষয় : ব্যক্তিগত গদ্য: স্মৃতিকথা, চিঠিপত্র, দিনলিপি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

৩×১০ = ৩০

- ১। ওকাকুরা, হিসিদা, টাইকান এবং নিবেদিতা; শিল্পপথে ঐদের সঙ্গে আদান প্রদানের যে গল্প 'জোড়াসাঁকোর ধারে' বইটিতে রয়েছে তা সংক্ষেপে লেখো। ১০

অথবা

- ২। জোড়াসাঁকোর মস্ত ঠাকুরবাড়ি, শিশু অবনীন্দ্রনাথের ছবি দেখা-শব্দ ধরার চোখ-কান তৈরি করে দিয়েছিল। মৌখিক কথনরীতির চমৎকার গদ্যে সাজানো স্মৃতিকথা 'জোড়াসাঁকোর ধারে' অবলম্বনে বিষয়টি বুলিয়ে দাও। ১০
- ৩। কল্যাণী দত্তের 'থোড় বড়ি খাড়া'-য় সেকালের ঘরদোর, ঠাকুরঘর, রান্নাঘরসহ অন্দরমহলের চালচিত্র কীভাবে ধরা পড়েছে তোমার পাঠ্য অংশ অবলম্বনে বুলিয়ে দাও। ১০

অথবা

- ৪। স্মৃতিকথা হিসাবে কল্যাণী দত্তের 'থোড় বড়ি খাড়া'-র বিশেষ কোনো গুরুত্ব আছে বলে তুমি কি মনে কর? যুক্তিসহ আলোচনা করো। ১০
- ৫। 'তৃণাকুর' দিনলিপিতে বিভূতিভূষণের সৌন্দর্যচেতনা ও আধ্যাত্মিকতা কীভাবে প্রকাশিত হয়েছে? দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

অথবা

- ৬। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'অপ্রকাশিত ডায়েরি'-তে লেখকের যুক্তি ও আবেগসর্বস্বতার দ্বন্দ্ব কীভাবে ধরা পড়েছে তা আলোচনা করে বুলিয়ে দাও। ১০
- ৭। গৌরদাসকে লেখা মধুসূদনের চিঠি পড়ে শুধু তাঁর জীবন নয়, কবিমানসকেও অনেকখানি বুঝে নেওয়া সম্ভব। তোমার পঠিত চিঠিপত্রের ভিত্তিতে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

- ৮। জ্যোতিশচন্দ্রকে লেখা মোতিরানীর চিঠি পড়ে 'প্রেমিকা' এবং 'স্ত্রী'র মধ্যে উনিশ শতকীয় এক নারীর নিরন্তর টানাপোড়েন কি তুমি টের পাও? যুক্তিসহ তোমার মতামত লেখো। ১০

★ ★ ★